
শিকার শনাক্তকরণ এনজিও, ধর্মীয় গোষ্ঠী



# আপনি কি করতে পারেন?

*মানব পাচারের শিকার শনাক্তকরণ এবং সন্দেহভাজন মানব পাচারের ঘটনার অভিযোগ পেশ*

## আপনি কি করতে পারেন

1. **আলামত সম্পর্কে জানুন।** আমাদের আলামত কার্ডগুলোর অর্ডার দিন, ১৭টি ভাষায় মানিব্যাগ-আকারের এই কার্ডগুলোতে মূল চিহ্নগুলোর তালিকা রয়েছে। পাচারের শিকার ব্যক্তিদের সাথে আপনার এলাকার যেসব লোকজনের দেখা হবে তাদের মাঝে আপনি এই কার্ডগুলো বিতরণ করতে পারেন। এই ওয়েবসাইটে গিয়ে এ সম্পর্কে আরও জানুন: *www.dhs.gov/bluecampaign.*

2. **মানব পাচারের সন্দেহ হলে অভিযোগ করুন।**

   **সন্দেহজনক মানব পাচারের ঘটনা সম্পর্কে অভিযোগ জানাতে অথবা ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার সহায়তা পেতে 1-866-347-2423 নম্বরে কল করুন অথবা কোন ঘটনার আভাস পেলে অনলাইনে www.ice.gov/tips ঠিকানায় জানান।**

   বিশ্বের যেকোনো প্রান্ত থেকে যেকোনো ব্যক্তি সন্দেহজনক অপরাধমূলক কার্যকলাপ হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশন (HSI)-এর অভিযোগ লাইনে দিনে ২৪ ঘণ্টা, সপ্তাহে ৭ দিন, এবং বছরের প্রতিটি দিনই অভিযোগ জানাতে পারেন। **802-872-6199** নম্বরে কল করার মাধ্যমে অভিযোগ লাইনটিতে বিশ্বের যেকোথাও থেকে অভিযোগ করা যাবে। মানব পাচারের সাথে সংশ্লিষ্ট আইনসহ HSI-এর প্রয়োগকৃত ৪০০ এর বেশি আইন সংক্রান্ত বিষয়ে, উভয় জনগণ ও আইন প্রয়োগকারী সংস্থার পক্ষ থেকে আসা অভিযোগসমূহ, বিশেষভাবে প্রশিক্ষিত বিশেষজ্ঞগণ গ্রহণ করে থাকে।

   **ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং রিসোর্স সেন্টার (NHTRC)-এ 1-888-373-7888 নম্বরে কল করে:**

   - আপনার এলাকার সেবা প্রদানকারীর সহায়তা নিন ও তাদের সাথে যোগাযোগ রাখুন;
   - সম্ভাব্য মানব পাচার কার্যকলাপ সম্পর্কে তথ্য দিন; অথবা
   - প্রশিক্ষণ, কারিগরি সহায়তা, বা অন্যান্য সুবিধা চাওয়ার মাধ্যমে আপনার জ্ঞানের পরিধি বাড়ান।

   **NHTRC** একটি দেশব্যাপী, টোল-ফ্রি হটলাইন যা দেশের যেকোনো স্থান থেকে আসা ফোনের জবাব দিতে ২৪ ঘণ্টায়ই সক্রিয়, এবং এটি একটি বেসরকারি সংস্থা কর্তৃক পরিচালিত।

3. **নিজেকে ও নিজের কমিউনিটিকে সচেতন করুন।** মানব পাচার ও আপনার জানা উচিত এমন অন্যান্য আলামত সম্পর্কে আরো জানতে আমাদের বিনামূল্যের মিথষ্ক্রিয় অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করুন, এবং আপনার পরিচিত অন্যদেরকেও প্রশিক্ষণটি নিতে উদ্বুদ্ধ করুন। এই ওয়েবসাইটে যান: *www.dhs.gov/bluecampaign*

4. **চারপাশে ছড়িয়ে দিন।** আপনার সহকর্মী, পরিবারের সদস্য ও আগ্রহী যে কাউকে Blue Campaign ও আমাদের প্রদত্ত আরো অনেক কর্মসূচি সম্পর্কে ও সেগুলোতে কিভাবে অংশগ্রহণ করতে হবে সে সম্পর্কে অবহিত করুন। এখানে পাওয়া যাবে *www.dhs.gov/bluecampaign.*

5. **Blue Campaign ওয়েবসাইটটি পরিদর্শন করুন।** আরো প্রশিক্ষণ, প্রচার উপকরণ, পাচারের শিকার ব্যক্তিদের সহায়ক উপকরণ এবং মানব পাচার প্রতিরোধের এই লড়াইয়ে আপনি কিভাবে যুক্ত হতে পারেন সে সংক্রান্ত তথ্যের জন্য এই ওয়েবসাইটটিতে যান: *www.dhs.gov/bluecampaign.* Facebook-এ আমাদেরকে "পছন্দ করুন": *www.facebook.com/bluecampaign.* অথবা এই ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন: *BlueCampaign@hq.dhs.gov.*

BLUE CAMPAIGN
One Voice. One Mission. End Human Trafficking.™

# আপনি কি করতে পারেন?

*মানব পাচারের শিকার শনাক্তকরণ ও সন্দেহভাজন মানব পাচারের ঘটনার অভিযোগ পেশ*

## পাচারের শিকার ব্যক্তিদের প্রকাশ্যে দেখা যেতে পারে

শিক্ষক, নার্স, সমাজকর্মী, ধর্মীয় নেতা, ও বেসরকারি সংস্থাগুলো (এনজিও) হচ্ছে কমিউনিটির সদস্য এবং তারা সাধারণত পাচারের শিকার ব্যক্তিদের সন্মুখীন হতে পারেন – এবং তাদেরকে শনাক্ত ও সহায়তা করতে পারেন। আপনাদের উচিত মানব পাচারের শনাক্তকরণ চিহ্ন ও আলামতগুলো জেনে রাখা। পাচারের শিকার ব্যক্তিদের শনাক্ত করা ও পাচারকারীদের বিচারের আওতায় আনতে এটি হচ্ছে প্রথম পদক্ষেপ, যা আপনার কমিউনিটিকে নিরাপদ রাখতে পারে।

## পাচারের শিকার ব্যক্তিরা আমাদের কমিউনিটিতেই আছেন

## যুক্তরাষ্ট্রের নাগরিকসহ তারা যেকোনো বয়স, বর্ণ, লিঙ্গ বা দেশের হতে পারেন

তাদের বৈধ অভিবাসনের অনুমতি থাকতেও পারে, নাও থাকতে পারে। পাচারের শিকার ব্যক্তিদের বৈধ ও অবৈধ উভয় ধরনের কাজে নিয়োজিত দেখা যেতে পারে; কাউকে কাউকে উচ্চ-বেতনের চাকুরি, অথবা এমনকি ভালবাসার মিথ্যা আশ্বাসে প্রলুব্ধ করা হতে পারে। তাদেরকে প্রার্থনালয়, স্কুল, বাসা, হোটেল, রেস্তোরা, নির্মাণ সাইট, খামার, বাস ও ট্রেন স্টেশন, বিমানবন্দর, নিকটস্থ পার্ক, ট্রাক যাত্রাবিরতির স্থান ও হাইওয়ে বিশ্রামাগারে; অথবা ম্যাসাজ পার্লার, বার ও স্ট্রিপ ক্লাবে দেখা যেতে পারে। প্রায়শই তাদেরকে বাসাবাড়ির কাজে, খামার বা কারখানার শ্রমিক হিসেবে, অথবা অন্যান্য ধরনের জবরদস্তিমূলক শ্রমে, বা যৌন-বাণিজ্যে (পতিতাবৃত্তি) বাধ্য করা হয়। ফেডারেল আইনানুযায়ী, যৌন-বাণিজ্যে সম্পৃক্ত প্রতিটি অপ্রাপ্তবয়স্ক শিশু মানব পাচারের শিকার।

## পাচারকারীরা কিভাবে কাজ করে

পাচারকারীরা দুর্বল সামাজিক নিরাপত্তা-জাল সম্পন্ন বা সামাজিক নিরাপত্তা-জাল বিহীন ব্যক্তিদেরকে তাদের শিকারে পরিণত করে। তারা এমন ব্যক্তিদের লক্ষ্যবস্তু করে যারা বিভিন্ন কারণে ঝুঁকিগ্রস্ত, এর মধ্যে অর্থনৈতিকভাবে দুর্দশাগ্রস্ত, বাসায় শারীরিক নিপীড়ন, প্রাকৃতিক দুর্যোগ, বা রাজনৈতিক অস্থিরতার শিকারগ্রস্থ ব্যক্তিরা অন্তর্ভুক্ত। পাচারকারীরা লোকজনকে ফাঁদে ফেলতে ও বশে আনতে বিভিন্ন ধরনের কৌশল প্রয়োগ করে, এগুলোর মধ্যে কেবল সহিংস আচরণ বা সহিংসতার হুমকি ছাড়াও মানসিক নির্যাতনও অন্তর্ভুক্ত। এ ধরনের মানসিক নিপীড়ন এতটা তীব্র হতে পারে যে পাচার হওয়া অনেক ব্যক্তিই নিজেদেরকে পাচারের শিকার হিসেবে শনাক্ত করতে পারে না অথবা এমনকি জনসম্মুখেও সহায়তা চাইতেও ভয় পায়।

পাচারকারীরা প্রায়শই যেভাবে কাজ করে:

- সংশ্লিষ্ট ব্যক্তি বা তার পরিবারের সদস্যদের প্রতি সহিংস আচরণ বা হুমকি প্রদান;
- সংশ্লিষ্ট ব্যক্তির ক্ষতি করা বা তাকে খাবার, পানি, বা ঘুম প্রভৃতি মৌলিক চাহিদা থেকে বঞ্চিত করা;
- ভালবাসা বা বন্ধুত্বের মিথ্যা আশ্বাস দেওয়া;
- ভাল চাকুরি বা আবাসের মিথ্যা আশ্বাস দেওয়া;
- পাচারের শিকার ব্যক্তিকে ধর্মীয় আচার-অনুষ্ঠানে অংশ নেওয়া থেকে নিবৃত্ত করা;
- বন্ধুবান্ধব ও পরিবারের সাথে যোগাযোগ নিয়ন্ত্রণ করা;
- চলাফেরার স্বাধীনতা সীমিত করা;
- সংশ্লিষ্ট ব্যক্তির শনাক্তকরণ ও পরিচিতিমূলক ডকুমেন্টগুলো নিয়ন্ত্রণ করা;
- দেশে ফেরত পাঠিয়ে দেওয়ার বা আইন প্রয়োগকারী পদক্ষেপ নেওয়ার হুমকি; ও/বা
- তথাকথিত ঋণ পরিশোধের নামে সংশ্লিষ্ট ব্যক্তির বেতন কেটে রাখা।

## মানব পাচারের চিহ্নসমূহ

পাচারের শিকার ব্যক্তিদের শনাক্ত করে এবং তার আভাসগুলো সংশ্লিষ্টদের জানানোর মাধ্যমে আপনি আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক ক্ষতিগ্রস্তদের উদ্ধারে সহায়তা করে আপনার দায়িত্ব পালন করছেন, এবং এর মাধ্যমে আপনি সম্ভবত একটি জীবনও বাঁচাতে পারেন। আপনি ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে চিকিত্সা ও মানসিক স্বাস্থ্য সেবা, আশ্রয়, চাকুরির প্রশিক্ষণ, ও আইনগত সহায়তার মতো সেবাগুলো পেতে সহায়তা করতে পারেন, যা তাদের স্বাধীনতা ও আত্মমর্যাদাবোধ ফিরিয়ে দিতে পারে। তথাপি আপনার ও ক্ষতিগ্রস্ত ব্যক্তির নিরাপত্তা সর্বাধিক গুরুত্বপূর্ণ। কখনোই সন্দেহভাজন পাচারকারীদের সরাসরি মোকাবেলা করতে যাবেন না বা সন্দেহভাজন ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে আপনার সন্দেহ বুঝতে দেবেন না। আলামত চিহ্নগুলোর যেকোনোটির উপস্থিতি বা অনুপস্থিতিই মানব পাচারের প্রমাণ বহণ করে না। মানব পাচারের সন্দেহজনক ঘটনা তদন্ত করার দায়িত্ব আইন প্রয়োগকারী সংস্থার।

- সংশ্লিষ্ট ব্যক্তি কি তার পরিবার, বন্ধুবান্ধব, কমিউনিটি সংগঠন, বা প্রার্থনালয় থেকে বিযুক্ত থাকেন?
- শিশুটি কি স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটির আচরণে কি আকস্মিক বা নাটকীয় কোন পরিবর্তন এসেছে?
- কিশোর/কিশোরীটি কি কোন প্রকার যৌন-বাণিজ্যে সম্পৃক্ত?
- সংশ্লিষ্ট ব্যক্তিকে দেখে কি আত্মভোলা বা বিভ্রান্ত মনে হয়, বা তার কি মানসিক ও শারীরিক আঘাতের চিহ্ন রয়েছে?
- নিরাময়ের বিভিন্ন পর্যায়ে সংশ্লিষ্ট ব্যক্তির শরীরে কি আঘাতের চিহ্ন রয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিকে দেখে কি শঙ্কিত, ভীরু, কিংবা বশ্য বলে মনে হয়?
- সংশ্লিষ্ট ব্যক্তিটিকে কি খাদ্য,পানীয়, ঘুম বা চিকিত্সা সেবা থেকে বঞ্চিত হওয়ার চিহ্ন বহন করছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটিকে কি প্রায়শই কারো আনুগত্যে চলাফেরা করতে হয়? অথবা এমন কারো সাথে চলাফেরা করতে হয়, যে মূলত সিদ্ধান্তগুলো নিয়ে থাকে, যেমন- কোথায় যেতে হবে বা কার সাথে কথা বলতে হবে প্রভৃতি?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি যা বলেন সেটি কি শিখিয়ে দেওয়া বলে মনে হয়?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি অনুপযোগী পরিবেশে বসবাস করছেন?
- সংশ্লিষ্ট ব্যক্তিটির সাথে কি ব্যবহার্য জিনিসপত্র কম এবং তার জীবনযাপন কি অস্থিতিশীল?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি স্বাধীনভাবে চলাফেরা করেন? তিনি কি নির্বিঘ্নে বাসা থেকে বের হতে পারেন? সেখানে কি অযৌক্তিক কোন নিরাপত্তা ব্যবস্থা রয়েছে?

BLUE CAMPAIGN
One Voice. One Mission. End Human Trafficking.™